

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপত্র(৫ম খন্ড)/২০১৯/৩৩৬

তারিখ: ০২ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
১৭ নভেম্বর, ২০২২ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৮৪৫ তম কমিশন সভা অদ্য ১৭/১১/২০২২ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

০১. কমিশনের অদ্যকার সভায়, IPDC Finance Limited এর ১৫০ (একশত পঞ্চাশ) কোটি টাকার ০৬ বছর মেয়াদী Non-convertible Fully- redeemable Unsecured Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয় যার Range of Coupon Rate ৭.৫০% থেকে ১০.০০% এবং এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী ও উচ্চ সম্পদশালী একক বিনিয়োগকারীদের মাঝে প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে বন্ডটি ইস্যু করা হবে। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে উত্তোলিত অর্থ IPDC Finance Limited এর Tier II Capital Base শক্তিশালী করতে এবং ভবিষ্যত প্রবৃদ্ধিতে ব্যবহার করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। বন্ডটির Trustee এবং Arranger হিসেবে যথাক্রমে CAPM Advisory Limited এবং Eastern Bank Limited (EBL) কাজ করছে। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ অন্তর্ভুক্ত করার জন্য শর্তারোপ করা হয়।

০২. কমিশনের অদ্যকার সভায়, The Premier Bank Limited এর ৬০০.০০ (ছয়শত) কোটি টাকা অভিহিত মূল্যের ০৭ বছর মেয়াদী Non-convertible, Unsecured, Fully Redeemable, Floating Rate Subordinated Bond এর প্রস্তাব অনুমোদন করেছে যার Range of Coupon Rate ৭.০০% থেকে ৯.০০% এবং এটি প্রাইভেট প্লেসমেন্ট এর মাধ্যমে ইস্যু করা হবে। এই বন্ডের প্রতি ইউনিটের অভিহিত মূল্য ৬,০০০,০০০/- (ষাট লক্ষ) টাকা। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে অর্থ উত্তোলন করে The Premier Bank Limited এর Tier-II Capital Base শক্তিশালী করা হবে। উক্ত বন্ডের Trustee হিসাবে দায়িত্ব পালন করছে Delta Brac Housing Finance Corporation Ltd. (DBH) এবং Lead Arranger হিসাবে কাজ করছে UCB Investment Limited। এছাড়াও উক্ত বন্ডটি Alternative Trading Board এ তালিকাভুক্ত হবে।

^
Mueen
- 17-11-2022

মোহাম্মদ রেজাউল করিম

নির্বাহী পরিচালক ও মুখপাত্র